

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ
বিএসএল অফিস কমপ্লেক্স
ভবন-২ (লেভেল- ৪, ৫, ৬)
১১৯ কাজী নজরুল ইসলাম সড়ক, ঢাকা-১০০০।

তারিখ : ৩০ জানুয়ারি, ২০২৪ খ্রি.

প্রেস বিজ্ঞপ্তি

অদ্য ৩০/০১/২০২৪ খ্রিস্টাব্দ তারিখ রোজ মঙ্গলবার বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট জনাব মো. আক্তারুজ্জামান এর নেতৃত্বে ময়মনসিংহ সদরের "সারিন্দা রেস্টুরেন্ট" এবং "ধানসিডি রেস্টুরেন্ট" মোবাইল কোর্ট পরিচালনা করা হয়।

পরিদর্শনকালে অত্যন্ত নোংরা ও অপরিষ্কার অবস্থায় রান্না করা ও কাঁচা খাবার ফ্রিজে সংরক্ষণ করতে দেখা যায়। পচা ও বাসি খাবার পাওয়ার পাশাপাশি মেয়াদ ও লেবেলিং ব্যতীত মাছ, মুরগী, এবং অন্যান্য খাদ্য পণ্য খোলা ও অস্বাস্থ্যকর অবস্থায় ফ্রিজে ও স্টোরে সংরক্ষণ করতে দেখা যায়। এ সময় ২ টি প্রতিষ্ঠানে ৬ কেজি পরিমাণের বাসি ও পচা রান্না করা খাবার জব্দ ও ধংস করা হয়।

এসকল অপরাধে নিরাপদ খাদ্য আইন ২০১৩ অনুযায়ী উক্ত প্রতিষ্ঠানকে ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা অর্থদণ্ড আরোপ ও তাৎক্ষণিক আদায় করা হয়।

"ধানসিডি রেস্টুরেন্ট" অভিযানকালে প্রতিষ্ঠানের ফ্রিজ অত্যন্ত নোংরা এবং পচা বাসি খাবার মজুদ করতে দেখা যায়। প্রতিষ্ঠান দুইটি তাদের প্রিমিসেস লাইসেন্স, খাদ্যকর্মীদের স্বাস্থ্য সনদ ও পানি পরীক্ষার সনদ প্রদর্শনে ব্যর্থ হয়। পাশাপাশি স্থাপনা দুইটি থেকে প্রচুর মেয়াদউত্তীর্ণ, এবং লেবেলবিহীন খাদ্যপণ্য ধংস ও জব্দ করা হয়। এ সকল অপরাধে নিরাপদ খাদ্য আইন ২০১৩ এর বিধান অনুযায়ী প্রতিষ্ঠানকে ১,০০,০০০/- (এক লক্ষ) জরিমানা করা হয়।

অভিযানকালে উপস্থিত ছিলেন জনাব মির্জা শাহরান হোসাইন, নিরাপদ খাদ্য অফিসার, ময়মনসিংহ; জনাব মো: জাবেদ ইকবাল, নিরাপদ খাদ্য পরিদর্শক (ময়মনসিংহ সিটি করপোরেশন) ও বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের অন্যান্য সাপোর্ট স্টাফ উপস্থিত ছিলেন। এসময় নিরাপত্তার দায়িত্বে ছিলেন র‍্যাব-১৪ ময়মনসিংহ একটি টোকস টিম।


৩০/০১/২০২৪

(মোঃ আখতার মামুন)
পরিচালক (উপসচিব)

খাদ্যের বিশুদ্ধতা পরিবীক্ষণ ও বিচারিক কার্যক্রম বিভাগ
ই-মেইল: director.enforcement@bfsa.gov.bd

ফোনঃ ০২-২২২২২২৩৬০১

বিতরণঃ

- ১। সদস্য (আইন ও নীতি), বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ২। সচিব, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ৩। পরিচালক, খাদ্যের বিশুদ্ধতা পরিবীক্ষণ ও বিচারিক কার্যক্রম বিভাগ, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ৪। পিএস টু চেয়ারম্যান, (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য), বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ৫। সহকারী পরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৬। অফিস কপি।